

৩২৭  
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

মাদ্রাজ  
১২ ফেব্রুআরি, ১৮৯৭

প্রিয় রাখাল,

আগামী রবিবার ‘মোম্বাসা’ জাহাজে আমার রওনা হবার কথা। স্বাস্থ্য খারাপ হওয়ায় পুনর এবং আরও অনেক স্থানের নিমন্ত্রণ প্রত্যাখ্যান করতে হয়েছে। অতিরিক্ত পরিশ্রমে ও গরমে শরীর অত্যন্ত খারাপ হয়েছে।

থিওসফিস্টরা ও অন্যান্য সকলে আমাকে ভয় দেখাতে চেয়েছিল; সুতরাং আমকেও দু-চারটি কথা -- খোলাখুলিভাবে তাদের শোনাতে হয়েছিল। তুমি জান, তাদের দলে যোগ দিতে অস্বীকার করায় তারা আমাকে আমেরিকায় বরাবর নির্যাতিত করেছে। এখানেও তারা তাই শুরু করতে চেয়েছিল, কাজেই আমার মত পরিস্কার করে বলতে হয়েছিল। এতে আমার কলকাতার বন্ধুদের কেউ যদি অসন্তুষ্ট হয়ে থাকেন তো ভগবান তাঁদের কৃপা করুন। তোমার পাবার কারণ নেই; আমি নিঃসঙ্গ নই -- প্রভু সর্বদাই আমার সঙ্গে আছেন। অন্য কীই বা করতে পারতুম। ইতি

তোমাদের বিবেকানন্দ

পুঃ -- উপযুক্ত আসবাব থাকলে বাড়িখানা নিও।

-- বি